

'বন্ধুরা বলে তুই কত পেয়েছিস?', তৃণমূল ছাড়তে বলছে বাড়ির লোক- কেন এমত বললেন জওহর সরকার

Web Desk - ANB

'বন্ধুরা বলে তুই কত পেয়েছিস?', তৃণমূল ছাড়তে বলছে বাড়ির লোক- কেন এমত বললেন জওহর সরকার

স্কুল শিক্ষক দুর্নীতিকাণ্ড ও গরুপাচারকাণ্ডে পার্থ চট্টোপাধ্যায় আর অনুরত মণ্ডলের গ্রেফতারির পর যথেষ্ট অস্বস্তিতে রয়েছে তৃণমূল কংগ্রেস। তারপর ঘাসফুল শিবিরের অস্বস্তি আরও বাড়িয়ে দিলেন দলেই সাংসদ তথা প্রাক্তন আমলা জওহর সরকার।



First Published Aug 29, 2022, 9:57 PM IST

স্কুল শিক্ষক দুর্নীতিকাণ্ড ও গরুপাচারকাণ্ডে পার্থ চট্টোপাধ্যায় আর অনুরত মণ্ডলের গ্রেফতারির পর যথেষ্ট অস্বস্তিতে রয়েছে তৃণমূল কংগ্রেস। তারপর ঘাসফুল শিবিরের অস্বস্তি আরও বাড়িয়ে দিলেন দলেই সাংসদ তথা প্রাক্তন আমলা জওহর সরকার। সোমবার সাংবাদ মাধ্যমের কাছে তিনি দাবি করেন, 'দলের একটি দিক পচে গিয়েছে। এমত দল নিয়ে ২০২৪ সালে লোকসভা

নির্বাচনে লড়াই করা সম্ভব নয়।' এখানেই শেষ করেননি প্রাক্তন আমলা । তিনি জানিয়েছেন পরিবারের সদস্য আর বন্ধুবান্ধব নাকি তাঁকে রাজনীতি ছাড়তেও বলেছেন।

তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ [জওহর সরকার](#)। মমতা বন্দ্যোপাধ্যায় যখন [তৃণমূল ছাত্রপরিষদের](#) জন্মদিন উপলক্ষ্যে দলকে উজ্জীবিত করতে চাইছেন তখনই সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে জওহর সরকার দলের বিরুদ্ধে কার্যত মুখ খুললেন। তিনি বলেন, 'এখনই যদি এদের বর্জন করা না হয় তাহলে এরকম একসাইড পচা শরীর নিয়ে ২০২৪ এর লড়াই লড়া খুব মুশকিল।' তিনি আরও বলেন, যখনই বাড়িতে দলের প্রসঙ্গ ওঠে তখনই পরিবারের সদস্যরা তাঁকে রাজনীতি ছেড়ে দিতে বলেন। বন্ধুবান্ধবদেরও কটাক্ষ সহ্য করতে হচ্ছে বলেও জানিয়েছেন জওহর সরকার। তিনি বলেন, তাঁর বন্ধুরাও তাঁকে বলেন, 'তুই এখনও আছিস? কত পেয়েছিস?' তিনি বলেন এরকম কটাক্ষ বা কথা তাঁকে আগে কোনও দিন শুনতে হয়নি।

তবে দলীয় সাংসদের এজাতীয় মন্তব্য নিয়ে দলের মুখপাত্র কুণলা ঘোষ এখনও কিছু বলেননি। তিনি বলেন এই বিষয়ে তাঁর কোনও মতামত নেই। দলের শীর্ষ নেতৃত্ব সাম্প্রতিক ঘটনাবলি সম্পর্কে মূল্যায়ন আর পর্যবেক্ষণ করছে। শীর্ষ নেতৃত্বেই এই বিষয়ে চূড়ান্ত পদক্ষেপ করবে।

এদিন তৃণমূল ছাত্র পরিষদের জন্মদিনের অনুষ্ঠান মঞ্চ থেকে মমতা বন্দ্যোপাধ্যায় ২০২৪ সালের লোকসভা নির্বাচনে লড়াইয়ের কথা বলেন। তিনি বলেন এটাই হবে তৃণমূলের গুরুত্বপূর্ণ লড়াই। কিন্তু তার আগে ইডি বা সিবিআই দলীয় নেতাদের বিরুদ্ধে পদক্ষেপ করতে পারে বলেও আশঙ্কা প্রকাশ করেন মমতা। একই সুরে অভিষেক বলেন ২১ জুলাই বড় সমাবেশ হয়েছিল। তারপরই ইডি পার্থ চট্টোপাধ্যায়কে গ্রেফতার করে। ছাত্রপরিষদের এই সমাবেশের পরেও কোনও ঘটনা ঘটতে পারে বলেও আশঙ্কা প্রকাশ করেন।

['আমাকে তোলাবাজ বললে কোর্টে নিয়ে যাব', মেয়ো রোড থেকে শুভেন্দুকে হুঁশিয়ারি অভিষেকের](#)

[Ganesh Chaturthi: রাজা মৌলির RRR-এর দাপটে গায়ের গণেশের ডুডি, রাম চরণের লুকে গণপতির চাহিদা](#)

['চোর বললে জিড টেনে ছিঁড়ে নিতে বলতাম', তৃণমূল ছাত্রপরিষদের মধ্যে সিপিএম-বিজেপিকে আক্রমণ মমতার](#)

Last Updated Aug 29, 2022, 9:57 PM IST